গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

## উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দীন<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ধর্মপাশা, সুনামগঞ্জ |
| সভার মাস | ঃ | আগস্ট ২০২৪ ইং |
| সভার তারিখ | ঃ | ২৭ আগস্ট ২০২৪খ্রিঃ |
| সময় | ঃ | দুপুর- ১২:০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

সভার প্রারম্ভে উপজেলা প্রশাসক ও সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার ধর্মপাশাকে সকলেই সার্বিক সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচীঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে জানান। কোনো সংযোজন, বিয়োজন ও সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পর্যায়ে বিভাগীয় কর্মকর্তাসহ সকল সদস্যগন শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং তাদের দপ্তরের বিভিন্ন বিষয় ও দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কথা তুলে ধরেন।

| ক্রঃনং | বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। বিদ্যুৎ বিভ্রাটের জন্য সেবা প্রদানে কিছুটা ঘাটতি হয়ে থাকে। বিকল্প বিদ্যুতের ব্যবস্থা করা গেলে এলাকার মানুষ ও সেবা গ্রহীতাগণ অনেক উপকৃত হতেন। সেই সাথে তিনি আইপিএস কেনা, এসি লাগানো ও জেনারেটরের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, ধর্মপাশা। |
| ২ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভায় জানান যে, ধর্মপাশা উপজেলায় চলমান খরিপ-২ মৌসুমে অত্র উপজেলায় ৫২৭০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধরণ করা হয়েছে। দ্রুত আমন বীজতলা তৈরী করার জন্য পরামর্শ প্রদান করা হবে। প্রনোদনা কর্মসূচীর আওতায় ৪০০ জন কৃষকের মধ্যে বিনামূল্যে বীজধান ও সার শীঘ্রই বিতরণ করা হবে। | খরিপ-২ মৌসুমে দ্রুত কৃষকদের মাথে প্রনোদনা বীজ ও সার সরবরাহ করতে হবে। মাঠ পর্যায়ে বীজতলা তৈরীতে পরামর্শ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ধর্মপাশা |
| ৩ | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। অত্র দপ্তরের গবাদিপশু ও হাঁস মুরগীর চিকিৎসাসেবা কার্যক্রম যথাযথভাবে চলছে। মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম চলমান। কৃত্রিম প্রজনন কার্যক্রম অব্যাহত আছে। খামারীগণকে গবাদিপশু ও হাঁসমুরগী পালনে উৎসাহিত করা হচ্ছে। ঘাস চাষে জনগণকে উদ্বুদ্ধ করা হচ্ছে। দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ধর্মপাশা। |
| ৪ | **উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ধর্মপাশা একটি হাওড় বেষ্টিত উপজেলা এই উপজেলায় অনেক নদ-নদী, হাওর বাওড় রয়েছে এখানে মা মাছ নিধন বন্ধের উদ্যোগ গ্রহণ করতে হবে। কারেন্ট জাল, বের জাল সহ পোনা ও মা-মাছ নিধনের বিরুদ্ধে অভিযান কিছুটা ভাটা পরেছে তবে আগামীমাস থেকে আবার তা অব্যাহত করা হবে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক রয়েছে বলে জানান। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ধর্মপাশা। |
| ৫ | **উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি ২০২৪-২০২৫ অর্থ বছরের কাজ সকলকে নিয়ে সম্পন্ন করার ইচ্ছা পোষণ করেন। তিনি আরো জানান যে,<br>(ক) উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা, ড্রেন ও সীমানা প্রাচীর এবং নির্মানাধীন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের প্রধান ফটকে/গেইটের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের প্রস্তাব করেন।<br>(খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে বিএডিসি অফিস ভবন ও স্টোররুম/গোডাউন ২তলা বিশিষ্ট একটি ভবন খুবই জরাজীর্ন অবস্থায় রয়েছে। এই ভবন ২টি কনডেমনেশন/অকেজো ঘোষণা করার নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগ থেকে অনাপত্তি গ্রহণ করা হয়েছে। বিধায় ভবন ২টিকে কনডেম ঘোষণার নিমিত্ত জেলা প্রশাসক, | সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক) উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা, ড্রেন ও সীমানা প্রাচীর এবং নির্মানাধীন উপজেলা পরিষদের প্রধান ফটকে/গেইট নির্মাণ কাজের প্রাক্কলন সদয় অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর প্রেরণের নিমিত্তে সভায় | উপজেলা প্রকৌশলী, ধর্মপাশা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সুনামগঞ্জ বরাবর প্রেরণের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব দুইটির উপরে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। (খ) বিএডিসি অফিসকর্তৃক ভবন দুটির কনডেমনেশন/অকেজো ঘোষণার জন্য অনাপত্তিপত্র (এনওসি) পাওয়া গিয়েছে। সেই প্রেক্ষিতে ভবন ০২ (দুই) টি কনডেমনেশন /অকেজো ঘোষণা করার নিমিত্ত সভায় অনুমোদিত প্রাক্কলনসহ জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৬ | **উপজেলা শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা। |
| ৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে। | ধারাবাহিকতা বজায় রেখে পাঠ্য কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ৮ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১০ | <u>পানি উন্নয়ণ বোর্ডঃ</u> পানি উন্নয়ন বোর্ড সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনাক্রমে সভাপতি জানান যে, ফসল রক্ষা বাধগুলো যাতে যত্রতত্র না কাটা হয় দিকে সু দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী (পানি উন্নয়ন বোর্ড), ধর্মপাশা। |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২৪-২০২৪ অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি। ভিডব্লিউবি চক্রের জুন/২০২৪ ইং পর্যন্ত বরাদ্দ ছিল। বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। জুলাই/২০২৪ইং মাসের নতুন বরাদ্দ পাওয়া যায়নি তাই ডিও দেয়া সম্ভব হয়নি। বরাদ্দ পাওয়া মাত্র ডিও দেয়া হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ণ বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ণ বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, যুব উন্নয়ন অফিসের রুমের দরজা জানালা ও রংয়ের কাজ করা হয়েছে। দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | সরকারি বিধি মোতাবেক সার্বিক কার্যক্রম পরিচালনার করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৪ | **উপজেলা খাদ্য অধিদপ্তরঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন না। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৫ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ধর্মপাশা। |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৯ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০ | **উপজেলা রিসোর্স সেন্টারঃ** উপজেলা রিসোর্স কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২১ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাটিলেটর উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প স্থানীয় সরকার জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা ইউডিএফ ধর্মপাশা। |
| ২২ | **উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প(পজীপ)ঃ** উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৩ | **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জনান, চলতি মাসে সদস্য ভর্তি ০৬ জন। সঞ্চয় আদায়- ৫.৪৭ লক্ষ, সঞ্চয় ফেরত- ৩.৮১ লক্ষ মাসে ঋণ বিতরন ২৮.৮৫ লক্ষ। মাসে ঋন আদায়যোগ্য ৩৬.৪০ লক্ষ, মাসে ঋন আদায় ৩৫.৭৮ লক্ষ। চলতি মাসে ঋণ আদায় ৯৮%, বার্ষিক ঋণ আদায় ৯৮%। বছরে ঋণ বিতরন ২৮.৮৫ লক্ষ। মোট সদস্য ৮১১ জন্য। মাঠে পাওনা ঋণ ৩৩০.৭৬ লক্ষ। মোট খেলাপী ৬৮.১০লক্ষ মোট খেলাপী সদস্য ৪১৯ জন। ওডি ৪১.৯৪লক্ষ ওডি সদস্য ২৭৮জন। সদয় সঞ্চয় জমা ১৪৩.১৯লক্ষ। তাছাড়া দাপ্তরিক কাজ সন্তোষজনক বলে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৪ | **তথ্য আপাঃ** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জ। |
| ২৫ | **পল্লী সঞ্চয় ব্যাংকঃ** পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | আমার বাড়ী আমার খামার কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৬ | **উপজেলা আইসিটি বিভাগ:** উপজেলা আইসিটি অফিসার জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি বিভাগ, ধর্মপাশা, সুনমাগঞ্জ। |
| ২৭ | **গ্রাম আদালত প্রকল্পঃ** উপজেলা সমন্বয়কারী জানান যে, গ্রাম আদালত প্রকল্পের আওতায় ০৬টি ইউনিয়নের আগস্ট/২৪ মাসের অপেক্ষামান মামলা ছিল ০১টি। আগস্ট/২৪ মাসের ছয়টি ইউনিয়নে দাখিলকৃত মামলা ছিল সংখ্যা ছিল ০২ টি। অপেক্ষামাস সহ আগস্ট/২৪ মাসের বিচারাধীন মোট মামলা ৩টি। তার মধ্যে মোট নিস্পত্তিকৃত মামলা ১টি। নিস্পত্তি শেষে আগস্ট/২৪ মাসে ছয়টি ইউনিয়নের মোট অপেক্ষামাস মামলা রইল ০২টি। ক্ষতিপূরণ আদায় ২৫,০০০/- টাকা। তিনি বলেন তৃনমূল পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠির বিচারের প্রবেশাধীর নিশ্চিত করণে গ্রাম আদালত কার্যকর করা অত্যন্ত জরুরি। তিনি সকল দপ্তরের সহযোগিতা কামনা করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ও উপজেলা সমন্বয়কারী, ধর্মপাশা, সুনামগঞ্জ। |
| ২৮ | **উপজেলা প্রশাসকঃ**<br>উপজেলা প্রশাসক: উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আরো জানান যে, এটি একটি হাওড় বেষ্টিত অঞ্চল এখানে ছোট বড় অনেক বিল রয়েছে। সেগুলোতে যেন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখার জন্য অনুরোধ করেন। প্রতিটি দপ্তর যেন ভালভাবে চলতে পারে সে দিকে সকলের খেয়াল এবং সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জয়শ্রী ইউপি সভায় জানান যে, জয়শ্রী ইউনিয়ন পরিষদের কার্যক্রম সন্তোষজনক। **ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদ:** তিনি সকলকে ধন্যবাদ দিয়ে সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের কার্যক্রম সন্তোষজনক। **সুখাইড় রাজাপুর দক্ষিন** সকলকে ধন্যবাদ দিয়ে সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের কার্যক্রম সন্তোষজনক। | | |
| ২৯ | বিবিধঃ উপজেলা পরিষদের জরুরী ব্যয় বিবরনী বাবদঃ উপজেলা প্রকৌশলী জানান যে, আগস্ট/২০২৪ খ্রি. মাসের অফিস আনুষঙ্গিক বাবদ= ৫,০০০/-, আগস্ট/২০২৪ খ্রি. অফিস আপ্যায়ন ও সভার আপ্যায়ন বাবদ-৩০,০০০/- টাকা। সাধারণ আনসারদের গ্যাস সিলিন্ডার বাবদ: আগস্ট/২০২৪=২৯৫০ টাকার বিল রাজস্ব তহবিল থেকে দেওয়ার প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ পরিশোধের জন্য সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ ধর্মপাশা। |

প্রশাসক, উপজেলা পরিষদ জানান যে, ধর্মপাশা উপজেলাকে মডেল উপজেলা পরিষদ হিসেবে বাস্তবায়িত করার নিমিত্ত সততা ও নিষ্ঠার সহিত স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

অদ্যকার সভায় অন্যকোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৮.২০২৪

(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নংঃ ৪৬.৬০.৯০৩২.০০১.০১.০১৫.২০২৪-৫৯২/১ তারিখঃ ২৭ আগস্ট ২০২৪খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৬। উপজেলা------------------------------------------------অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৭। অফিসার ইন চার্জ, ধর্মপাশা থানা, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৮। চেয়ারম্যান, ধর্মপাশা/সেলবরষ/পাইকুরাটি/জয়শ্রী/সুখাইড় রাজাপুর(দঃ)/সুখাইড় রাজাপুর(উঃ) ইউনিয়ন, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৯। জনাবা----------------------- মহিলা সদস্যা--------------------ইউ/পি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১০। অফিস কপি/ মাষ্টার কপি।

২৭.০৮.২০২৪

(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।

CS CamScanner